# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

অতিরিক্ত মহাপরিচালক
(পরিকল্পনা,নকশা ও গবেষণা) এর দপ্তর
পানি ভবন, লেভেল-৪, ব্লক-বি,
৭২ গ্রীন রোড, ঢাকা-১২০৫।
ফোনঃ ০২-২২২২৩০০৪০-৪২

adgpl.bwdb@gmail.com

**Office of the Additional Director General**
**(Planning, Design & Research)**
Pani Bhaban, Level-4, Block-B,
72 Green Road, Dhaka-1205
Phone: 02-222230040-42

স্মারক নং-৪২.০১.০০০০.০৩২.০৬.০০১.২৫- ৪৩ তারিখ: ০১/০৬/২০২৫ খ্রি:

## দপ্তরাদেশ

"নেত্রকোণা জেলার দুর্গাপুর উপজেলায় আন্তঃসীমান্ত সোমেশ্বরী নদীর ডানতীর ও বামতীরে স্থায়ী নদীতীর প্রতিরক্ষা কাজ বাস্তবায়ন" শীর্ষক প্রকল্পের আওতায় নদী তীর প্রতিরক্ষা কাজ বাস্তবায়ন/সম্পন্ন করতে মাঠ দপ্তরের প্রস্তাব ও পানি সম্পদ মন্ত্রণালয়ের স্মারক নং-৪২.০০.০০০০.০০০.০৩৬.১৪.০০০১.২৪.১৩৭; তারিখ: ১২/০৫/২০২৫ খ্রি. এর যাচাই কমিটির সভার কার্যবিবরণী মোতাবেক পরিবেশ সংরক্ষণ বিধিমালা-২০২৩ অনুযায়ী পরিবেশগত প্রভাব নিরূপণ (EIA) কল্পে সমীক্ষাদল গঠন করার জন্য বাপাউবো'র নিম্নবর্ণিত কর্মকর্তা ও বহিঃসদস্যদের সমন্বয়ে একটি সমীক্ষাদল গঠন করা হলো।

| ক্রঃ নং | কর্মকর্তাগণের নাম ও পদবি | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ১। | ড. মোঃ আবুল বাশার, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), পরিকল্পনা-৩ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। | আহবায়ক |
| ২। | জনাব মোঃ শরিফুল আলম, নির্বাহী প্রকৌশলী (পুর), পরিকল্পনা-১ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৩। | জনাব মোঃ সাহিদুল আলম, গবেষণা কর্মকর্তা (পরিবেশ ও বন), অর্থনৈতিক মূল্যায়ন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৪। | জনাব মোঃ বদিউল আলম খন্দকার, গবেষণা কর্মকর্তা (সমাজ বিজ্ঞান), পরিকল্পনা-৩ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৫। | আইডব্লিউএম, ঢাকা এর একজন প্রতিনিধি। | সদস্য |
| ৬। | সিইজিআইএস, ঢাকা এর একজন প্রতিনিধি। | সদস্য |
| ৭। | নির্বাহী প্রকৌশলী, নেত্রকোণা পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, নেত্রকোণা। | সদস্য-সচিব |

কমিটির কার্যপরিধি :

ক) সমীক্ষাদলের সদস্যগণ প্রকল্প এলাকা সরেজমিনে পরিদর্শন পূর্বক পরিবেশগত প্রভাব নিরূপণের লক্ষ্যে সংশ্লিষ্ট অংশীজন/স্টেকহোল্ডার, স্থানীয় জনগণ, ছাত্র প্রতিনিধি ও জনপ্রতিনিধি, কৃষি অধিদপ্তর, পরিবেশ ও বন অধিদপ্তর, মৎস অধিদপ্তর, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, সিটি কর্পোরেশন (প্রযোজ্য ক্ষেত্রে), জেলা প্রশাসনসহ অন্যান্য সংশ্লিষ্ট সরকারী/বেসরকারী/এনজিও কর্মকর্তাগণের সাথে ফলপ্রসূ আলোচনা করবেন। উক্ত আলোচনার মাধ্যমে গৃহীত মতামতের আলোকে প্রস্তাবিত প্রকল্প/কার্যক্রমের যথার্থতা নিরুপন তথা উদ্যোগ গ্রহণ করবেন;

খ) প্রকল্পের আওতায় নদী তীর প্রতিরক্ষা কাজ ও নদীর চর হতে বালু উত্তোলনের মাধ্যমে প্রকল্প বাস্তবায়ন/সম্পন্ন করতে পানি সম্পদ মন্ত্রণালয়ের যাচাই সভার সিদ্ধান্ত মোতাবেক সুপারিশ/মতামত প্রদানসহ পরিবেশ সংরক্ষণ বিধিমালা-২০২৩ অনুযায়ী পরিবেশগত প্রভাব নিরূপণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন;

গ) বিবিধ।

২। সমীক্ষাদল প্রয়োজনে অন্য যে কোন কর্মকর্তাকে সদস্য হিসেবে কো-অপ্ট করতে পারবেন। সমীক্ষাদলের কোন কর্মকর্তা অন্যত্র বদলী বা গমন করলে তার স্থলাভিষিক্ত কর্মকর্তা সংশ্লিষ্ট পদে প্রতিস্থাপিত হবেন এবং কার্যক্রম পরিচালনা করবেন।

৩। সমীক্ষাদল পরবর্তী ৩০(ত্রিশ) দিনের মধ্যে প্রতিবেদন ৩(তিন) প্রস্থে অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা, নকশা ও গবেষণা) মহোদয়ের দপ্তরে দাখিল করবেন।

৪। মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের সদয় অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

02/06/2025 খ্রি.
(সজল কুমার রায়)
নির্বাহী প্রকৌশলী (পুর) (চ. দা.)
অতিঃ মহাপরিচালক (পরিকল্পনা, নকশা ও গবেষণা) এর দপ্তর,
বাপাউবো, ঢাকা।

স্মারক নং-৪২.০১.০০০০.০৩২.০৬.০০১.২৫- ৪৩ তারিখ: ০১/০৬/২০২৫ খ্রি:

**অনুলিপি আদিষ্টমতে সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :**

১। ড. মোঃ আবুল বাশার, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), পরিকল্পনা-৩ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।

২। নির্বাহী পরিচালক, আইডব্লিউএম, ঢাকা।

৩। নির্বাহী পরিচালক, সিইজিআইএস, ঢাকা।

(২ ও ৩) একজন প্রতিনিধি মনোনয়নপূর্বক অত্র দপ্তর এবং কমিটির আহবায়কের ইমেইলে মনোনয়ন পত্র প্রেরণের অনুরোধসহ।

৪। জনাব মোঃ শরিফুল আলম, নির্বাহী প্রকৌশলী (পুর), পরিকল্পনা-১ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।

৫। নির্বাহী প্রকৌশলী, নেত্রকোণা পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, নেত্রকোণা। ইমেইল- xen.netrakona@gmail.com

৬। জনাব মোঃ সাহিদুল আলম, গবেষণা কর্মকর্তা (পরিবেশ ও বন), অর্থনৈতিক মূল্যায়ন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।

৭। জনাব মোঃ বদিউল আলম খন্দকার, গবেষণা কর্মকর্তা (সমাজ বিজ্ঞান), পরিকল্পনা-৩ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :**

১। প্রধান প্রকৌশলী (পুর), পরিকল্পনা/ নকশা ও গবেষণা, বাপাউবো, ঢাকা।
২। প্রধান প্রকৌশলী (পুর), কেন্দ্রীয় অঞ্চল, বাপাউবো, ঢাকা।
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), পরিকল্পনা পরিদপ্তর-১/ ময়মনসিংহ পানি উন্নয়ন সার্কেল, বাপাউবো, ঢাকা/ ময়মনসিংহ।
৪। সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৫। পরিচালক, অর্থনৈতিক মূল্যায়ন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা (বাপাউবো'র ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৮। জনাব আলী আহসান নিশাত, নির্বাহী প্রকৌশলী, প্রধান প্রকৌশলী পরিকল্পনা'র দপ্তর, বাপাউবো, ঢাকা ও ফোকাল কর্মকর্তা, কারিগরি কমিটি।
৯। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (পূর্ব রিজিয়ন) এর দপ্তর, বাপাউবো, ঢাকা।
১০। অফিস কপি।

০১/০৬/২০২৫ খ্রি

(সজল কুমার রায়)
নির্বাহী প্রকৌশলী (পুর) (চ. দা.)

ডায়েরী নং ৭০৯
সিস্টেম এনালিস্ট
প্রোগ্রামার ১/২
সহকারী প্রোগ্রামার ১/২/৩/৪
নেটওয়ার্ক প্রকৌশলী
হিসাব রক্ষক
অফিস সহঃ কাম-কম্পিউটার
মুদ্রাক্ষরিক

তারিখঃ ৩/৬/২৫
জরুরী/অতি জরুরী
প্রয়োজনীয় ব্যবস্থা নিন
নথিতে পেশ করুন
আলোচনা করুন
নথিতে রাখুন

০৩/০৬/২০২৫
সিনিয়র সিস্টেম এনালিস্ট
কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।